Reimagining BPATC through

Change-Innovation-Reform Action Plans (CIRAP)

by Faculty Members

Success Stories of CIRAP Pilot Initiatives & Facilitation Capacities

a BPATC-JICA
Knowledge Co-creation Initiative

Bangladesh Public Administration Training Centre (BPATC)
bpatc.gov.bd

"Reform does not begin with policy
*- it begins with a **pilot**"*

Compendium of CIRAP Journey by BPATC Faculty Members

Part-1: CIRAP Background

Part-2: CIRAP ToT

Part-3: CIRAP Implementation Journey

Part-4: Complete CIRAP Pilot Projects

Part-5: Incomplete CIRAP Pilot Projects

Part-6: Upcoming CIRAP Pilot Projects



Sayeed Mahbub Khan

Rector, BPATC

It is a matter of great satisfaction that the Change-Innovation-Reform Action Plans (CIRAP), initiated by the faculty members of Bangladesh Public Administration Training Centre (BPATC), have begun to demonstrate tangible outcomes through pilot-based small initiatives. This publication "Success Stories of CIRAP Pilot Initiatives & Facilitation Capacities" reflects our collective commitment to reimagining BPATC as a dynamic, innovative, and reform-oriented institution.

The CIRAP initiative embodies BPATC's strategic vision of fostering a culture of continuous learning, experimentation, and evidence-based reform. By empowering faculty members as reform champions, this initiative has enabled the design and implementation of practical, context-specific solutions addressing institutional challenges. The success stories presented here illustrate how small, well-conceived interventions can generate meaningful improvements in training delivery, administrative processes, and organizational efficiency.

I sincerely appreciate the dedication and creativity of our faculty members who have undertaken these initiatives with remarkable enthusiasm. I also acknowledge the continued support of JICA in facilitating knowledge co-creation and capacity development.

I firmly believe that the lessons learned from these pilot initiatives will contribute significantly to institutionalizing reforms and scaling up innovative practices within BPATC and beyond.

"Reimagining BPATC is not a vision – it is a series of implemented actions"



WATANABE Hiroki

Public Administration Advisor (JICA Expert)
MoPA, BPATC and BIGM

It is a great pleasure to witness the progress of the Change-Innovation-Reform Action Plans (CIRAP) as a joint knowledge co-creation initiative between BPATC and JICA. This publication highlights the success stories emerging from pilot-based small initiatives undertaken by BPATC faculty members, demonstrating the power of practical innovation and collaborative learning.

JICA strongly believes that sustainable institutional development is achieved through continuous experimentation, reflection, and adaptation. The CIRAP approach effectively translates these principles into action by encouraging faculty members to identify challenges, design reform initiatives, and implement them within their own organizational context.

The success stories presented in this publication are not only inspiring but also provide valuable insights into how incremental changes can lead to broader institutional transformation. These initiatives reflect the dedication of BPATC faculty and their commitment to improving public sector training and governance.

JICA remains committed to supporting BPATC in strengthening its capacity as a center of excellence in public administration training. We hope that the experiences documented here will serve as a foundation for further innovation, scaling, and knowledge sharing across institutions.

"Every faculty member is not just a trainer - but a reform architect (CIRIO)"



ড. মো: জাহিদ হোসেন পনির

এমডিএস (যুগ্ম সচিব), বিপিএটিসি

বিপিএটিসিতে CIRAP: ক্ষুদ্র উদ্যোগ থেকে প্রাতিষ্ঠানিক রূপান্তরের যাত্রা

বিপিএটিসির অনুষদ সদস্যদের নেতৃত্বে Change-Innovation-Reform Action Plan (CIRAP) আজ এক নতুন সম্ভাবনার দিগন্ত উন্মোচন করেছে। বিপিএটিসি'র অভ্যন্তরীণ পরিবর্তনে অনুষদ সদস্যগণ-কর্তৃক CIRAP পাইলট উদ্যোগ বাস্তবায়ন এবং তাদেরকে CIRAP Facilitator হিসেবে তৈরি করার ক্ষেত্রে দীর্ঘ পথপরিক্রমার চিত্রায়ণ ও করণীয় বিষয়ে এই কম্পেন্ডিয়াম প্রকাশ করা হয়েছে।

২০২৫ সালে তিনটি ব্যাচে (১৭-১৯ জুন, ১৬-১৮ সেপ্টেম্বর ও ২৩-২৫ সেপ্টেম্বর) আয়োজিত প্রশিক্ষণে ২৯ জন অনুষদ সদস্য CIRIO হিসেবে অংশগ্রহণ করেন এবং নিজ নিজ পাইলট উদ্যোগ উপস্থাপন করেন। এই উদ্যোগের লক্ষ্য হচ্ছে বিভিন্ন কোর্সে CIRAP সেশন পরিচালনায় তাদেরকে দক্ষ করে তোলা এবং বাস্তবভিত্তিক পাইলট উদ্যোগের মাধ্যমে বিপিএটিসির অভ্যন্তরীণ সংস্কারকে এগিয়ে নিয়ে যাওয়া।

১১ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত CIRAP অগ্রগতি পর্যালোচনা সেমিনারে ২০টি উদ্যোগ স্ট্রিমলাইনিংয়ের জন্য নির্বাচিত হয়। এর মধ্যে ১২টি উদ্যোগের পাইলটিং নির্ধারিত সময়ের মধ্যে প্রাথমিকভাবে সম্পন্ন হয়েছে। এসকল উদ্যোগের পূর্ণাঙ্গ বাস্তবায়ন ও সাসটেইনেবিলিটি নিশ্চিতকল্পে ৩০-৩১ মার্চ ২০২৬ তারিখে সারাহ রিসোর্ট, গাজীপুরে রিভিউ সেমিনারের আয়োজন করা হয়েছে। CIRIO গণের উপস্থাপনা ও স্টেকহোল্ডারদের মতামতের ভিত্তিতে এই উদ্যোগগুলোর বাস্তবায়ন কার্যক্রম শুরু হবে। এছাড়াও CIRAP প্রশিক্ষণপ্রাপ্ত অনুষদ সদস্যগণ বিভিন্ন কোর কোর্সের CIRAP মডিউলে সিভিল সার্ভিস সদস্যদের নিজ নিজ দপ্তরের নানামুখী সংস্কার কার্যক্রম গ্রহণে ফ্যাসিলিটিটরের ভূমিকাও পালন করছেন।

বিপিএটিসি'র অনুষদ সদস্যদের জন্য এই উদ্যোগ গ্রহণের পিছনে মূলত ২৬তম PPMC প্রশিক্ষণে CIRAP মডিউলের সফল প্রয়োগ এবং রেক্টর মহোদয়ের কার্যকর তদারকি অনুঘটকের ভূমিকা পালন করেছে। এর মাধ্যমে অনুষদ সদস্যদের সক্ষমতা উন্নয়ন এবং বিপিএটিসি'র প্র্যাকটিস, প্রসেস, পলিসি ও স্ট্র্যাকচারাল রিফর্মে একটি টেকসই ভিত নির্মিত হয়েছে।

Reimagining BPATC শ্লোগানের মাধ্যমে বিপিএটিসি একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পরিণত হবে - এই প্রত্যাশা আমাদের সকলের।

"CIRAP is not training – it is knowledge in motion through learning by experiencing"

Part-2: CIRAP ToT


3-Days ToT on the Facilitation and Implementation of Change-Innovation-Reform Action Plans (CIRAP)

For the Faculty Members of BPATC

CIRAP Training Objectives



Why CIRAP Training is Important for Faculty Members?



Day One

Module 1: CIRAP Problem Contexts & Stakeholder Analysis

Code	Session Title	Session Outline
1.1	CIRAP Background, Experience-sharing on CIRAP Piloting in different courses. Case Study of the Linkage between CIRAP and Land Reform Initiatives	Application of CIRAP & Role of BPATC facilitators
1.2	Potential Interventions on BPATC's Reform Initiatives/Strategic Action Plans	BPATC's Strategic Plans, Organizational KPIs and Reform Agenda Setting
1.3	Presentation on CIRAP Problem Contexts and Stakeholder Analysis, 5 W 1 H Method	A facilitator describes the problem contexts, Stakeholder Analysis and template
1.4	Problem tree analysis	Briefing on the use of the problem tree tool & help participants prepare PPT slides for presentation on problem tree
1.5	Individual exercise on Crafting Problem Trees & Stakeholder Analysis by Facilitators	Participants describe a problem statement, at the same time participants show the key actors involved in their problem context

Training Method: Experiential Learning (Case Study and Exercise)

Facilitators: Representatives from BPATC & JICA

Day Two

Module 2: SWOT Analysis & Action Plan Design

Code	Session Title	
2.1	Individual Presentation on Crafting Problem Trees & Stakeholder Analysis	Participants make presentations on stakeholder analysis of their problems & Facilitators make comments
2.2	Briefing on SWOT analysis and Resource Mobilization	One facilitator describes SWOT analysis and Resource Mobilization
2.3	Individual exercise on SWOT analysis and Resource Mobilization	Participants prepare PPT slide on SWOT analysis and Resource Mobilization
2.4	Individual presentation on SWOT analysis and Resource Mobilization	Participants make presentations on SWOT analysis, Resource Mobilization & Facilitators make comments
2.5	Revisiting Theory of Change, Sustainablity Strategy, Monitoring & Performance Indicators and Action Plan Design based on Experiential Learning (EL)	One facilitator describes based on Experiential Learning (EL)

Training Method: Experiential Learning (Case Study and Exercise)

Facilitators: CIRAP Experts

Day Three

Module 3: Feedback & Insights on CIRAP

Code	Session Title	Session Outline
3.1	Individual presentation of complete CIRAP	Participants present their complete CIRAP
3.2	CIRAP Implementers' Feedback on Individual CIRAP (Presentation)	Facilitators make comments
3.3	Perfecting CIRAP by CIRIOs based on Feedback	Reflections of Insights
3.4	Handshaking CIRIOs for Sustainablity	Linking with Technical & Financial Support
3.5	Visiting Organizations for Practical Experiences	Practical Visit

Training Method: Experiential Learning (Case Study and Exercise) & Visits

Facilitators: Representatives from Cabinet Division, MoPA, JICA & Successful CIRIOs

Part-3: CIRAP Implementation Journey

3-Days ToT on the Facilitation and Implementation of CIRAP

For the Faculty Members of BPATC

INAUGURAL CEREMONY

Chief Guest:

Sayeed Mahbub Khan

Rector, BPATC

Jointly Organized by

Bangladesh Public Administration Training Centre (BPATC)
Japan International Cooperation Agency (JICA)

17 June 2025



১৭-১৯ জুন ২০২৫ মেয়াদে অনুষ্ঠিত CIRAP ১ম ব্যাচের প্রশিক্ষণে "খাদ্য পরিষেবা ব্যবস্থাপনায় অংশীদারিত্ব মডেল বাস্তবায়ন" শীর্ষক পাইলট উদ্যোগ উপস্থাপন করছেন জনাব মোহাম্মদ সোহরাব হোসেন, সহকারী পরিচালক, বিপিএটিসি।

CIRAP ২য় ব্যাচে (১৬-১৮ সেপ্টেম্বর ২০২৫) অনলাইনে সেশন পরিচালনা করছেন মিজ জাহেদা পারভীন, সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ।





CIRAP ২য় ব্যাচে (১৬-১৮ সেপ্টেম্বর ২০২৫) সমাপনী ডিনারের নেটওয়ার্কিং সেশনে CIRIO গণ। উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মিজ লুৎফুন নাহার ও জাইকার প্রতিনিধি জনাব হিরোকি ওয়াতানাবে।

CIRAP ২য় ব্যাচে (১৬-১৮ সেপ্টেম্বর ২০২৫) Problem Tree Analysis বিষয়ে সেশন নিচ্ছেন জনাব হিরোকি ওতানাবে, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন অ্যাডভাইজার (জাইকা এক্সপার্ট), জনপ্রশাসন মন্ত্রণালয়, বিপিএটিসি ও বিআইজিএম।





CIRAP ৩য় ব্যাচের (২৩-২৫ সেপ্টেম্বর ২০২৫) CIRIOগণ CIRAP Facilitation বিষয়ে প্রশিক্ষণ নিচ্ছেন।


CIRAP ৩য় ব্যাচের (২৩-২৫ সেপ্টেম্বর ২০২৫) সমাপনী ডিনারের নেটওয়ার্কিং সেশনে CIRIO গণ। উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব মো: আলমগীর হোসেন।





বিপিএটিসি-জাইকা যৌথ উদ্যোগে ১১ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত CIRAP Progress Review Seminar এ ২০ টি পাইলট উদ্যোগ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্ম কৌশল চূড়ান্ত করা হয়।

BPATC ও JICA'র যৌথ আয়োজনে ৩০-৩১ মার্চ ২০২৬ সারাহ রিসোর্ট, গাজীপুরে অনুষ্ঠিত Reimagining BPATC through CIRAP by Faculty Members শীর্ষক সেমিনারে পাইলট উদ্যোগসমূহ বাস্তবায়নের বিষয়ে স্টেকহোল্ডারগণ ফিডব্যাক প্রদান করেন।



Voices from CIRAP ToT Facilitators-cum-CIRIOs



Dr. Mehedi Masud

Director & CIRAP TOT Facilitator

"3-days' ToT made BPATC faculty members confident of facilitating the development of action plans by the civil servants of different courses"

Dr. Md. Morshed Alom



Deputy Director & CIRAP TOT Facilitator

"As BPATC CIRAP Facilitators, CIRIOs gained the skills of analyzing Problem Tree, Stakeholder, SWOT, Resource Mobilization, Theory of Change, Sustainability Strategy, Monitoring Mechanism & Performance Indicators which empowers them reshaping any reform-led pragmatic action plan."



Rumana Tanjin Antara

Deputy Director & CIRIO

"The pilot project *'Embedding Competency-Based HR Placement Culture: Pilot in Management and Public Administration Division'* helped me see reform as doable within constraints."

Tanzina Akhter



Assistant Director & CIRIO-cum-CIRAP Facilitator

"CIRAP made me a facilitator, not just a trainer. My experience as CIRAP Facilitator in Senior Staff Course provides me confidence to work on theory-practice linkage."

Part-4: Completed CIRAP Pilot Projects

বিপিএটিসি'র অভ্যন্তরীণ সিস্টেম পরিবর্তনে প্রাথমিকভাবে সমাপ্ত পাইলট উদ্যোগসমূহ

০১ খাদ্যসেবা ব্যবস্থাপনায় অপচয় কমাতে 'Food Management Partnership Model' প্রবর্তন

০২ BPATC-এর Special Foundation Training Course (SFTC)-এর জন্য KSA Competency/Need-Based Curriculum উন্নয়ন

০৩ BPATC-এ Knowledge Codification ও Co-Creation প্রতিফলনে Resource Persons' Evaluation Matrix হালনাগাদকরণ

০৪ প্রশিক্ষণ সেশন পরিচালনার জন্য ডোমেইন এক্সপার্ট/ রিসোর্স পারসন নির্বাচনে নির্দেশিকা প্রণয়ন

০৫ বিপিএটিসিতে প্রশিক্ষণ সংক্রান্ত মনোনয়ন প্রক্রিয়ায় Discretionary Power কমিয়ে আনতে DDDM (Data-Driven Decision-Making) পদ্ধতি প্রবর্তন

০৬ FTC প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের দৈনিক ও সাপ্তাহিক প্রতিক্রিয়ার ভিত্তিতে Data Analytics-ভিত্তিক মনিটরিং সিস্টেম প্রবর্তন

০৭ বিপিএটিসিতে System-Generated Training Certificates প্রবর্তনের মাধ্যমে স্বয়ংক্রিয় সার্টিফিকেট ব্যবস্থার সংস্কৃতি গড়ে তোলা

০৮ বিপিএটিসি অনুষদবর্গের Non-Structured Roles (NSR)-এর SOP প্রণয়ন

০৯ Experiential Learning কার্যকর করতে বিপিএটিসিতে Case Study Cell প্রাতিষ্ঠানিকীকরণ

১০ বিপিএটিসিতে "এনভায়রনমেন্টাল স্টাডি" থিমেটিক গ্রুপ প্রাতিষ্ঠানিকীকরণ

১১ বিপিএটিসিতে বিল এবং অদক্ষ শ্রমিক মজুরি পরিশোধ প্রক্রিয়ায় বিলম্ব কমাতে একটি মানসম্মত (Standard) প্রসেসিং মডেল উন্নয়ন

১২ BPATC-তে মানবসম্পদ প্লেসমেন্ট ব্যবস্থার কাঠামোগত সংস্কার ও দক্ষতা-ভিত্তিক নিয়োগ/ বিন্যাস প্রবর্তন

খাদ্যসেবা ব্যবস্থাপনায় অপচয় কমাতে ‘Food Management Partnership Model’ প্রবর্তন

মোহাম্মদ সোহরাব হোসেন, সহকারী পরিচালক

বাস্তবায়ন সময়কাল: জুলাই-সেপ্টেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

BPATC-এ বিভিন্ন প্রশিক্ষণ কোর্স, কর্মশালা, সেমিনার এবং আবাসিক প্রশিক্ষণ কার্যক্রমের ফলে প্রতিদিন বিপুল পরিমাণ খাদ্য প্রস্তুত ও পরিবেশন করা হয়। অনেক সময় অংশগ্রহণকারীর উপস্থিতির পরিবর্তন, খাবারের সঠিক চাহিদা নিরূপণের সীমাবদ্ধতা এবং সমন্বয়ের ঘাটতির কারণে খাদ্যের অপচয় ঘটে। এর ফলে আর্থিক সম্পদের অপচয় হওয়ার পাশাপাশি খাদ্য ব্যবস্থাপনায় দক্ষতার ঘাটতি লক্ষ্য করা যায়। একই সাথে অবশিষ্ট খাদ্য ব্যবস্থাপনার জন্য একটি কাঠামোবদ্ধ ব্যবস্থা না থাকায় তা যথাযথভাবে ব্যবহার করা সম্ভব হয় না।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল একটি Food Management Partnership Model প্রবর্তন করা, যার মাধ্যমে খাদ্য প্রস্তুতি, পরিবেশন এবং অবশিষ্ট খাদ্য ব্যবস্থাপনায় দক্ষতা বৃদ্ধি করা যায়। মডেলটির মাধ্যমে খাবারের চাহিদা নিরূপণ, পরিবেশনের সময় সমন্বয় এবং অবশিষ্ট খাদ্যকে সামাজিকভাবে উপকারী কাজে ব্যবহারের একটি অংশীদারিত্বমূলক ব্যবস্থা তৈরি হয়েছে। এর ফলে খাদ্য অপচয় উল্লেখযোগ্যভাবে কমানো, সম্পদের সাশ্রয় এবং একটি দায়িত্বশীল ও টেকসই ব্যবস্থাপনার সংস্কৃতি গড়ে তোলার সুযোগ সৃষ্টি হয়েছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

- খাদ্য প্রস্তুতি ও পরিবেশন ব্যবস্থার বিদ্যমান প্রক্রিয়া বিশ্লেষণ
- Food Management Partnership Model-এর কাঠামো ও নির্দেশিকা প্রণয়ন
- নির্বাচিত প্রশিক্ষণ কোর্সে পাইলটিং এবং অংশগ্রহণকারীদের মতামত সংগ্রহ

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

খাদ্য অপচয়ের পরিমাণ হ্রাস, খাবারের চাহিদা নিরূপণের উন্নতি, অংশগ্রহণকারীদের সন্তুষ্টি বৃদ্ধি এবং অবশিষ্ট খাদ্য ব্যবস্থাপনার কার্যকর প্রক্রিয়া প্রতিষ্ঠা।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

Food Management Partnership Model পাইলটিং এর প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে। এর ফলে নির্বাচিত কোর্সে খাদ্য অপচয় হ্রাসের ইতিবাচক ফলাফল দেখা দিবে। ভবিষ্যতে BPATC-এর সকল আবাসিক প্রশিক্ষণ কার্যক্রমে এটি প্রাতিষ্ঠানিকভাবে প্রয়োগের জন্য সুপারিশসহ প্রতিবেদন উপস্থাপিত হয়েছে।

FOOD MANAGEMENT PARTNERSHIP MODEL

Reducing Resource Wastage at BPATC



CIRIO: Mohammad Sohrab Hoshen
Assistant Director, BPATC

The Problem





- Large-scale food preparation in trainings & residenital courses
- Mismatch between demand & actual consumption
- Lack of structured leftover food management
- Result: Food wastage + financial loss + inefficiency

Food wastage + financial loss

The Solution

Partnership-Based Food Management Model



Resource Mobilization




Pilot Period

July – September 2025

Expected Impact



Monitoring & Status



"From Waste to Value: Smart Food Management for Sustainable Training"

Food waste → Partnership model → Reduced waste + cost savings

BPATC-এর Special Foundation Training Course (SFTC)-এর জন্য KSA Competency/Need-Based Curriculum উন্নয়ন

শামীম হোসেন, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: জুলাই–সেপ্টেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

Special Foundation Training Course (SFTC) সাধারণত একটি নির্ধারিত, একরূপ কারিকুলামের ভিত্তিতে পরিচালিত হয়ে থাকে, যা বিভিন্ন সংস্থা ও পটভূমির অংশগ্রহণকারীদের বাস্তব কর্মক্ষেত্রের চাহিদার সঙ্গে সবসময় সামঞ্জস্যপূর্ণ নয়। অংশগ্রহণকারীদের জ্ঞান (Knowledge), দক্ষতা (Skills) ও মনোভাব (Attitude)-এই KSA ভিত্তিক পার্থক্য এবং তাদের কর্মক্ষেত্রের নির্দিষ্ট চাহিদা যথাযথভাবে কারিকুলামে প্রতিফলিত না হওয়ায় প্রশিক্ষণের প্রভাব সীমিত হয়ে যায়। ফলে প্রশিক্ষণ-পরবর্তী কর্মদক্ষতা উন্নয়ন এবং আচরণগত পরিবর্তন প্রত্যাশিত মাত্রায় অর্জিত হয় না।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল SFTC-এর জন্য একটি KSA competency/need-based curriculum model উন্নয়ন ও পাইলটিং, যেখানে অংশগ্রহণকারীদের পূর্ব-দক্ষতা, কর্মক্ষেত্রের প্রয়োজন এবং কাঙ্ক্ষিত আচরণগত পরিবর্তন বিবেচনায় নিয়ে প্রশিক্ষণ মডিউল পুনর্গঠন করা হবে। এর মাধ্যমে প্রশিক্ষণ আরও প্রাসঙ্গিক, প্রয়োগযোগ্য এবং ফলপ্রসূ হয়েছে। অংশগ্রহণকারীদের কর্মক্ষেত্রভিত্তিক দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং KSA-ভিত্তিক competency development নিশ্চিত করার একটি কার্যকর কাঠামো তৈরি হয়েছে। দীর্ঘমেয়াদে এটি BPATC-এর প্রশিক্ষণ কার্যক্রমকে outcome-based এবং competency-driven করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

- অংশগ্রহণকারীদের KSA প্রোফাইল ও training needs assessment (TNA) পরিচালনা
- competency mapping-এর ভিত্তিতে curriculum framework উন্নয়ন
- নির্বাচিত SFTC-এ পাইলটিং এবং feedback সংগ্রহ ও পরিমার্জন

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

KSA-ভিত্তিক curriculum framework প্রস্তুত, pre-post competency assessment, অংশগ্রহণকারীদের সন্তুষ্টি এবং কর্মক্ষেত্রে প্রয়োগযোগ্যতা মূল্যায়ন।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

KSA competency/need-based curriculum সফলভাবে পাইলটিং করা হয়েছে; অংশগ্রহণকারীদের learning outcomes এবং কর্মক্ষেত্রে প্রয়োগযোগ্যতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে এবং এটি BPATC-এর অন্যান্য কোর্সে সম্প্রসারণের জন্য সুপারিশসহ প্রতিবেদন উপস্থাপিত হয়েছে।

DEVELOPING KSA COMPETENCY/NEED-BASED CURRICULUM FOR SFTC




CIRIO: Shamim Hosen
Deputy Director, BPATC

Challenges

- Outdated "One-Size-Fits-All" training approach
- Mismatch with participants' job needs
- Limited focus on KSA competencies



KSA Competency/ Need-Based Curriculum



Tailored & Relevant Training

- Competency Mapping
- Curriculum Framework Development
- Continuous Feedback & Refinement



Key Steps



Training Needs Assessment



Curriculum Framework Development



Pilot Testing & Feedback

Resource Utilization



Curriculum Data



IT Assistance

Pilot Duration



July - September 2025

Impact Assessment



Relevant... KSA-Based Curriculum



Improved Job-Skills & Engagement



Positive... Feedback &



Positive Feedback & Applicability

Shifting from Outdated to Outcome-Driven Curriculum

BPATC-এ Knowledge Codification ও Co-Creation প্রতিফলনে Resource Persons' Evaluation Matrix হালনাগাদকরণ

মো: মাসুদ আহমেদ, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: আগস্ট-অক্টোবর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

BPATC-এর প্রশিক্ষণ কার্যক্রমে Resource Person (RP) মূল্যায়ন সাধারণত অংশগ্রহণকারীদের তাৎক্ষণিক প্রতিক্রিয়ার উপর নির্ভরশীল। এর ফলে নলেজ জেনারেশন, নলেজ কোডিফিকেশন (knowledge codification) এবং নলেজ কো-ক্রিয়েশন লার্নিং প্রসেসে যথাযথভাবে প্রতিফলিত হয় না। অধিকাংশ ক্ষেত্রে বক্তার মূল্যায়ন কাঠামোটি কনটেন্ট ডেলিভারি ও উপস্থাপনা দক্ষতায় সীমিত থাকে। ফলে RP-এর প্রকৃত অবদান—বিশেষ করে জ্ঞানকে প্রাতিষ্ঠানিক সম্পদে রূপান্তর এবং অংশগ্রহণকারীদের সক্রিয় সম্পৃক্ততার মাধ্যমে নলেজ কো-ক্রিয়েশন পরিমাপ করা যায় না। এর ফলে প্রশিক্ষণের গুণগত উন্নয়ন ও প্রমাণভিত্তিক মূল্যায়ন প্রক্রিয়া দুর্বল থাকে।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল একটি updated RP Evaluation Matrix তৈরি ও পাইলট করা, যা knowledge codification, co-creation এবং KSA-based learning outcomes প্রতিফলিত করবে। এর মাধ্যমে RP মূল্যায়ন আরও প্রাসঙ্গিক, বিশ্লেষণধর্মী এবং ফলাফলভিত্তিক হয়েছে। নতুন ম্যাট্রিক্সটি RP-এর জ্ঞানকে ডকুমেন্টেড আউটপুটে রূপান্তর, অংশগ্রহণকারীদের সম্পৃক্ততা এবং যৌথভাবে জ্ঞান তৈরির সক্ষমতা মূল্যায়ন করতে সক্ষম হয়েছে। দীর্ঘমেয়াদে এটি BPATC-এর প্রশিক্ষণ গুণগত মান উন্নয়ন এবং knowledge management শক্তিশালী করতে সহায়ক হয়েছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

- বিদ্যমান RP evaluation tools পর্যালোচনা ও gap analysis
- knowledge codification ও co-creation সূচক অন্তর্ভুক্ত করে নতুন matrix ডিজাইন
- নির্বাচিত কোর্সে পাইলটিং এবং feedback-এর ভিত্তিতে পরিমার্জন

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

Updated evaluation matrix প্রণয়ন, knowledge codification indicators অন্তর্ভুক্তি, RP performance analytics এবং participant engagement স্কোর উন্নয়ন।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

Updated RP Evaluation Matrix সফলভাবে পাইলটিং করা হয়েছে; knowledge codification ও co-creation প্রতিফলনে উন্নত ফলাফল পাওয়া গেছে এবং এটি BPATC-এর সকল প্রশিক্ষণ কোর্সে প্রাতিষ্ঠানিকভাবে প্রয়োগের জন্য সুপারিশসহ প্রতিবেদন উপস্থাপিত হয়েছে।

Knowledge Codification & Co-Creation
Updating Resource Persons' Evaluation Matrix



CIRIO: Md. Masud Ahmed, Deputy Director, BPATC

Challenges


- Reaction-driven evaluation
- Limited to content delivery & presentation skills
- Lacks emphasis on codification & co-creation of knowledge

Goals & Impact

- **Updated RP Evaluation Matrix** created & **piloted**
- Emphasizes content documentation
- Measures participant engagement
- Evaluates collaborative knowledge creation

Pilot Period
August - October **2025**

Updated RP Evaluation Matrix Goals & Impact



- Emphasizes content documentation
- Measures participant engagement
- Evaluates collaborative knowledge creation
- Updated RP evaluation matrix egaling

Key Activities



Gap Analysis
Review existing tools & conduct analysis



Matrix Development
Design new evaluation matrix



Pilot Feedback & Refinement
Research team, Feedback data, IT platforms

Results & Recommendations



Successfully piloted new matrix

Achieved improved knowledge codification & co-creation outcomes



Report recommending refined matrix for institutional adoption

প্রশিক্ষণ সেশন পরিচালনার জন্য ডোমেইন এক্সপার্ট/ রিসোর্স পারসন নির্বাচনে নির্দেশিকা প্রণয়ন

সানজিদা শাহনাজ, উপ-পরিচালক

বাস্তবায়ন সময়কাল: জুলাই – সেপ্টেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

BPATC-তে প্রশিক্ষণ সেশনের জন্য ডোমেইন এক্সপার্ট ও রিসোর্স পারসন (RP) নির্বাচন প্রক্রিয়া অধিকাংশ ক্ষেত্রে অনানুষ্ঠানিক যোগাযোগ, পূর্ব অভিজ্ঞতা বা সহজলভ্যতার উপর নির্ভরশীল। এর ফলে সেশনগুলোর গুণগত মানে ভিন্নতা দেখা যায় এবং অংশগ্রহণকারীদের কর্মক্ষেত্রভিত্তিক প্রয়োজনের সাথে সামঞ্জস্য সবসময় নিশ্চিত হয় না। অনেক ক্ষেত্রে নির্বাচিত RP-রা তাত্ত্বিকভাবে দক্ষ হলেও বাস্তব অভিজ্ঞতা বা অংশগ্রহণমূলক শেখানোর দক্ষতা সীমিত থাকে। একই সাথে, Knowledge, Skills, Attitude (KSA) ভিত্তিক কোনো মানসম্মত নির্বাচন নির্দেশিকা না থাকায় প্রশিক্ষণের উদ্দেশ্য ও RP নির্বাচনের মধ্যে সমন্বয়হীনতা সৃষ্টি হয়। ফলে নলেজ কোডিফিকেশন ও কো-ক্রিয়েশন যথাযথভাবে প্রতিফলিত হয় না এবং প্রশিক্ষণের কার্যকারিতা কমে যায়।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল KSA-ভিত্তিক একটি মানসম্মত নির্দেশিকা প্রণয়ন ও পাইলট করা, যার মাধ্যমে ডোমেইন এক্সপার্ট ও RP নির্বাচন প্রক্রিয়াকে আরও কাঠামোবদ্ধ ও ফলাফলমুখী করা যায়। নির্দেশিকায় বিষয়ভিত্তিক দক্ষতা, বাস্তব অভিজ্ঞতা, ফ্যাসিলিটেশন দক্ষতা এবং অংশগ্রহণমূলক শেখানোর সক্ষমতাকে গুরুত্ব দেওয়া হয়েছে। এর ফলে RP নির্বাচন প্রশিক্ষণের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হয়েছে এবং অংশগ্রহণকারীদের সম্পৃক্ততা বৃদ্ধি পেয়েছে। দীর্ঘমেয়াদে এটি একটি দক্ষ RP পুল তৈরি এবং BPATC-এর প্রশিক্ষণ কার্যক্রমের গুণগত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

বিদ্যমান RP নির্বাচন প্রক্রিয়ার পর্যালোচনা ও gap analysis, KSA-ভিত্তিক নির্বাচন মানদণ্ড ও নির্দেশিকা প্রণয়ন এবং নির্বাচিত কোর্সে পাইলটিং ও feedback-এর ভিত্তিতে পরিমার্জন।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

নির্দেশিকার ব্যবহার, RP নির্বাচনের মানোন্নয়ন, অংশগ্রহণকারীদের সন্তুষ্টি এবং সেশনের কার্যকারিতা বৃদ্ধি।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

নির্দেশিকাটি নির্বাচিত কোর্সসমূহে সফলভাবে পাইলটিং করা হয়েছে। এতে RP নির্বাচনের ক্ষেত্রে প্রশিক্ষণের উদ্দেশ্যের সাথে অধিক সামঞ্জস্যতা দেখা গেছে। এটি BPATC-এর সকল প্রশিক্ষণ কার্যক্রমে প্রাতিষ্ঠানিকভাবে প্রয়োগের জন্য সুপারিশসহ প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে।


Devising Guidelines for Selecting Domain Experts/ Resource Persons for Training Sessions
CIRIO: Sanjida Shahnaz, Deputy Director, BPATC
Expert Selection Guide
Competency-based Criteria
Expertise
Practical Experience
Facilitation Skills
Outcome-Focused
Improved Training Quality
Engaged Participants
Expertise Aligned to Needs
Academic Inputs
Gap Analysis
Resource Persons Database
Strengthening Training Excellence at BPATC

বিপিএটিসিতে প্রশিক্ষণ সংক্রান্ত মনোনয়ন প্রক্রিয়ায় Discretionary Power কমিয়ে আনতে DDDM (Data-Driven Decision-Making) পদ্ধতি প্রবর্তন

এ. এম. শাহরিয়র আলম, সহকারী পরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিপিএটিসির বিভিন্ন কোর্স কমিটি গঠন, প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি ক্ষেত্রে অংশগ্রহণকারীদের মনোনয়ন একটি গুরুত্বপূর্ণ প্রশাসনিক প্রক্রিয়া। দীর্ঘদিন ধরে এ প্রক্রিয়া অনেকাংশে ম্যানুয়াল এবং তথ্যভিত্তিক বিশ্লেষণ ছাড়াই পরিচালিত হয়ে এসেছে। ফলে কিছু ক্ষেত্রে ব্যক্তিনির্ভর সিদ্ধান্ত, স্বচ্ছতার ঘাটতি এবং নির্বাচনের যুক্তি স্পষ্টভাবে উপস্থাপন করার সীমাবদ্ধতা দেখা যায়। একই সঙ্গে অংশগ্রহণকারীদের থিমেটিক গ্রুপ, কর্মদক্ষতা, পূর্ববর্তী প্রশিক্ষণ, কর্মক্ষেত্রের প্রয়োজন বা পারফরম্যান্স সম্পর্কিত তথ্যসমূহ সমন্বিতভাবে ব্যবহার করা সম্ভব হয় না। এই প্রেক্ষাপটে একটি Data-Driven Decision-Making (DDDM) ভিত্তিক পদ্ধতি প্রবর্তনের প্রয়োজনীয়তা অনুভূত হয়, যাতে মনোনয়ন প্রক্রিয়া অধিক স্বচ্ছ, ন্যায্য ও তথ্যনির্ভর হয়।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল বিপিএটিসির মনোনয়ন প্রক্রিয়ায় একটি DDDM-ভিত্তিক কাঠামো চালু করা, যার মাধ্যমে অংশগ্রহণকারীদের তথ্য, কর্মসম্পাদন, পূর্ববর্তী প্রশিক্ষণ এবং প্রাসঙ্গিক সূচকের ভিত্তিতে মনোনয়ন প্রক্রিয়া পরিচালিত হবে। এই পদ্ধতি প্রবর্তনের ফলে মনোনয়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা বৃদ্ধি পেয়েছে, discretionary সিদ্ধান্ত গ্রহণের সুযোগ হ্রাস পেয়েছে এবং নির্বাচন প্রক্রিয়া অধিক যুক্তিসঙ্গত ও ন্যায্য হয়েছে। একই সঙ্গে প্রশিক্ষণ ব্যবস্থাপনায় তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতি বিকাশের সুযোগ তৈরি হয়েছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

পাইলট পর্যায়ে প্রথমে মনোনয়ন সংক্রান্ত প্রাসঙ্গিক ডেটা সূচক নির্ধারণ করা হয়। এরপর একটি সহজ ডেটা টেমপ্লেট তৈরি করা হয়। সংশ্লিষ্ট বিভাগসমূহ থেকে তথ্য সংগ্রহ করে একটি ডেটাবেজ প্রস্তুত করা হয় এবং পরীক্ষামূলকভাবে কিছু মনোনয়ন প্রক্রিয়ায় এই তথ্যভিত্তিক স্কোরিং পদ্ধতি প্রয়োগ করা হয়। ফলাফল বিশ্লেষণ করে একটি সংক্ষিপ্ত নির্দেশিকা প্রস্তুত করা হয়।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

ডেটা-ভিত্তিক মনোনয়ন সূচক প্রণয়ন, পরীক্ষামূলকভাবে স্বয়ংক্রিয় প্রতিবেদন প্রণয়ন, এবং মনোনয়ন প্রক্রিয়ায় স্বচ্ছতা ও যৌক্তিকতা বৃদ্ধি-এই সূচকের ভিত্তিতে অগ্রগতি মূল্যায়ন করা হয়েছে।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে এবং DDDM-ভিত্তিক মনোনয়ন পদ্ধতি স্থায়ীভাবে প্রবর্তনের জন্য একটি সুপারিশমালা ও প্রতিবেদন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হয়েছে।

FTC প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের দৈনিক ও সাপ্তাহিক প্রতিক্রিয়ার ভিত্তিতে Data Analytics-ভিত্তিক মনিটরিং সিস্টেম প্রবর্তন

তানযিনা আক্তার, সহকারী পরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিপিএটিসির ফাউন্ডেশন ট্রেনিং কোর্স (FTC) দীর্ঘদিন ধরে নবনিযুক্ত সরকারি কর্মকর্তাদের প্রশাসনিক দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। প্রশিক্ষণ চলাকালে অংশগ্রহণকারীদের দৈনিক ও সাপ্তাহিক প্রতিক্রিয়া সংগ্রহের একটি ব্যবস্থা থাকলেও সেগুলো নিয়মিতভাবে বিশ্লেষণ বা প্রশিক্ষণ ব্যবস্থাপনায় ব্যবহার করা হতো না। ফলে সেশনভিত্তিক কার্যকারিতা, প্রশিক্ষণার্থীদের শেখার অভিজ্ঞতা এবং প্রশিক্ষণের সামগ্রিক মান সম্পর্কে সময়োপযোগী ও তথ্যভিত্তিক ধারণা পাওয়া কঠিন হয়ে পড়ত। এই প্রেক্ষাপটে FTC প্রশিক্ষণ কার্যক্রমকে আরও কার্যকরভাবে পর্যবেক্ষণের লক্ষ্যে Data Analytics-ভিত্তিক একটি মনিটরিং ব্যবস্থা প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য FTC-এর দৈনিক ও সাপ্তাহিক মূল্যায়ন ব্যবস্থাকে Data Analytics-ভিত্তিক মনিটরিং কাঠামোর আওতায় আনা। এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের প্রতিক্রিয়া আরও কাঠামোবদ্ধভাবে সংগ্রহ ও বিশ্লেষণ করা সম্ভব হয়েছে এবং সেশন পরিচালনা ও প্রশিক্ষণ ব্যবস্থাপনার বিভিন্ন দিক সম্পর্কে তাৎক্ষণিক ধারণা পাওয়া গেছে। ফলে প্রশিক্ষণ ব্যবস্থাপনা দল দ্রুত ও তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ করতে পেরেছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

উদ্যোগটির আওতায় অনলাইন প্ল্যাটফর্মে একটি ডিজিটাল ফরম্যাট তৈরি করা হয়েছে। এরপর ৭৮তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের কাছ থেকে দৈনিক ফর্মের মাধ্যমে প্রতিক্রিয়া সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত তথ্য Data Analytics টুল ব্যবহার করে বিশ্লেষণ করা হয়েছে এবং ফলাফল সংক্ষিপ্ত ডায়াগ্রাম আকারে প্রশিক্ষণ ব্যবস্থাপনা দল ও প্রশাসনের কাছে উপস্থাপন করা হয়েছে।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

দৈনিক প্রতিক্রিয়া সংগ্রহের হার, ডেটা বিশ্লেষণ ও ডায়াগ্রাম প্রস্তুত, এবং প্রশিক্ষণ ব্যবস্থাপনায় তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের অগ্রগতি পর্যবেক্ষণ।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

পাইলট কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে এবং Data Analytics-ভিত্তিক এই মনিটরিং ব্যবস্থাটি FTC প্রশিক্ষণে নিয়মিত ব্যবহারের জন্য কর্তৃপক্ষের কাছে সুপারিশ করা হয়েছে।

বিপিএটিসিতে System-Generated Training Certificates প্রবর্তনের মাধ্যমে স্বয়ংক্রিয় সার্টিফিকেট ব্যবস্থার সংস্কৃতি গড়ে তোলা

আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিপিএটিসিতে বিভিন্ন প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার পর অংশগ্রহণকারীদের সার্টিফিকেট প্রদান একটি নিয়মিত প্রশাসনিক কার্যক্রম। দীর্ঘদিন ধরে এই সার্টিফিকেট প্রস্তুত ও বিতরণ প্রক্রিয়া প্রধানত ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন হয়ে আসছিল। এর ফলে সময়ক্ষেপণ, তথ্যগত ভুলের সম্ভাবনা এবং প্রশাসনিক চাপ বৃদ্ধি পেত। অনেক ক্ষেত্রে সার্টিফিকেট প্রস্তুত, যাচাই এবং স্বাক্ষর প্রক্রিয়ায় বিলম্ব ঘটে, যা প্রশিক্ষণ ব্যবস্থাপনায় অদক্ষতা সৃষ্টি করে। এছাড়া সার্টিফিকেট ব্যবস্থাপনা ডিজিটাল আর্কাইভে সংরক্ষিত না থাকায় ভবিষ্যতে যাচাই ও ব্যবস্থাপনার ক্ষেত্রেও সীমাবদ্ধতা তৈরি হয়। এই পরিস্থিতিতে একটি System-Generated Training Certificate পদ্ধতি চালু করার প্রয়োজনীয়তা অনুভূত হয়, যাতে সার্টিফিকেট প্রস্তুত ও বিতরণ প্রক্রিয়া অধিক দ্রুত, নির্ভুল এবং স্বচ্ছ হয়।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল বিপিএটিসিতে একটি স্বয়ংক্রিয় (system-generated) প্রশিক্ষণ সার্টিফিকেট ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা। এর মাধ্যমে প্রশিক্ষণ ডাটাবেজের সাথে সংযুক্ত হয়ে অংশগ্রহণকারীদের তথ্যের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে সার্টিফিকেট তৈরি করা সম্ভব হয়েছে। এর ফলে সার্টিফিকেট প্রস্তুতের সময় উল্লেখযোগ্যভাবে কমেছে, তথ্যগত ভুলের সম্ভাবনা হ্রাস পেয়েছে এবং ডিজিটাল রেকর্ড সংরক্ষণের সুযোগ তৈরি হয়েছে। একই সঙ্গে এটি বিপিএটিসির প্রশিক্ষণ ব্যবস্থাপনায় ডিজিটাল রূপান্তরের একটি গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে কাজ করেছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

পাইলট পর্যায়ে প্রথমে একটি স্ট্যান্ডার্ড ডিজিটাল সার্টিফিকেট টেমপ্লেট তৈরি করা হয়। এরপর প্রশিক্ষণ ডাটাবেজের সাথে সংযুক্ত করে একটি স্বয়ংক্রিয় সার্টিফিকেট জেনারেশন ব্যবস্থা তৈরি করা হয়। পরীক্ষামূলকভাবে একটি প্রশিক্ষণ কোর্সে এই পদ্ধতি প্রয়োগ করা হয় এবং অংশগ্রহণকারীদের জন্য system-generated সার্টিফিকেট প্রদান করা হয়। পরবর্তীতে প্রাপ্ত অভিজ্ঞতার ভিত্তিতে একটি সংক্ষিপ্ত নির্দেশিকা প্রস্তুত করা হয়।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

System-generated সার্টিফিকেট টেমপ্লেট তৈরি, পরীক্ষামূলকভাবে স্বয়ংক্রিয় সার্টিফিকেট প্রদান, এবং সার্টিফিকেট প্রস্তুতের সময় ও প্রশাসনিক প্রক্রিয়া হ্রাস-এই সূচকের ভিত্তিতে অগ্রগতি মূল্যায়ন করা হয়েছে।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে এবং বিপিএটিসির সকল প্রশিক্ষণ কোর্সে System-Generated Training Certificates ধাপে ধাপে চালুর জন্য একটি সুপারিশসহ প্রতিবেদন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হয়েছে।

বিপিএটিসি অনুষদবর্গের Non-Structured Roles (NSR) -এর SOP প্রণয়ন

শামীম আদনান, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: ০১ জুলাই - ৩০ সেপ্টেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

প্রতিষ্ঠাকাল থেকেই বিপিএটিসি'তে প্রতি বছর অসংখ্য প্রশিক্ষণ, সেমিনার ও একাডেমিকসহ নানাবিধ কার্যক্রম সুনামের সাথে পরিচালিত হচ্ছে। এসব কার্যক্রমে অনুষদবর্গ বিভিন্ন নন-স্ট্রাকচার্ড দায়িত্ব (যেমন: কর্মসূচী সমন্বয়ক, মাস্টার অফ ডি ইভেন্ট, মডারেটর) পালন করেন। তবে, দায়িত্বের জন্য লিখিত SOP না থাকায় নতুন বা কম অভিজ্ঞ অনুষদবর্গের ক্ষেত্রে কাজের মানে অসামঞ্জস্য, বিলম্ব ও মানসিক চাপ তৈরি হয়, যা প্রতিষ্ঠানের সামগ্রিক সেবার মান ও সুনামে বিরূপ প্রভাব ফেলে।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

উল্লিখিত প্রেক্ষাপট বিবেচনায়, এই CIRAP-এর উদ্দেশ্য ছিলো অনুষদবর্গের NSR-এর জন্য মানসম্মত SOP প্রণয়ন ও প্রাতিষ্ঠানিকীকরণ। এর ফলে দায়িত্ব পালনে সমরূপতা আসবে, নতুন অনুষদবর্গের শেখার সময় কমবে এবং প্রাতিষ্ঠানিক জ্ঞান সংরক্ষিত হবে। দীর্ঘমেয়াদে এটি বিপিএটিসি'র সামগ্রিক কাজের মান উন্নত করবে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

- NSR চিহ্নিতকরণ ও বিদ্যমান চর্চাসমূহ নিরীক্ষণ
- SOP খসড়া প্রণয়ন ও সংশ্লিষ্ট অনুষদবর্গের পরামর্শ
- পাইলটিং ও চূড়ান্ত অনুমোদন

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

গৃহীত উদ্যোগটির কর্মসম্পাদন সূচক নির্ধারিত হয়েছিলো SOP প্রকাশনা ও বিপিএটিসি'র ইআরপি সিস্টেমে তা অন্তর্ভুক্তকরণ।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

সুনির্দিষ্ট ধাপ ও প্রক্রিয়া অনুসরণ করে প্রাথমিকভাবে বিপিএটিসি'র অনুষদবর্গের NSR-এর জন্য SOP প্রণয়ন করা হয়েছিলো এবং তা 'অবহিতকরণ' সেমিনারে' বিস্তারিতভাবে গুরুত্বপূর্ণ অংশীজনের মাধ্যমে মূল্যায়িত হয়েছিলো। পরবর্তীতে, এ উদ্যোগ স্থায়ীকরণ অর্থাৎ প্রাতিষ্ঠানিকীকরণের লক্ষ্যে একটি 'ভেটিং কমিটির' সুপারিশসহ কেন্দ্রের ইআরপি'তে অন্তর্ভুক্তির প্রস্তাবনা উপযুক্ত কর্তৃপক্ষের নিকট উপস্থাপিত হয়েছে।

বিপিএটিসিতে "এনভায়রনমেন্টাল স্টাডি" থিমেটিক গ্রুপ প্রাতিষ্ঠানিকীকরণ

নাসরিন আক্তার, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিপিএটিসির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়টি আলোচিত হলেও এটি দীর্ঘদিন ধরে বিচ্ছিন্ন ও অপ্রাতিষ্ঠানিকভাবে পরিচালিত হয়ে আসছিল। এর ফলে প্রশিক্ষণ মডিউল সৃজনে সমন্বয়ের ঘাটতি দেখা দেয়। এছাড়াও পরিবেশ বিষয়ক বিশেষায়িত ফ্যাকাল্টি উন্নয়ন ও নলেজ প্রডাক্ট সৃষ্টির সংস্কৃতি গড়ে ওঠেনি। এ বিষয়ে গবেষণা, কেস স্টাডি উন্নয়ন এবং পলিসি সাপোর্ট কার্যক্রমও কাঠামোবদ্ধ প্ল্যাটফর্মের অভাবে সীমিত ছিল। এই প্রেক্ষাপটে একটি স্থায়ী থিমেটিক জ্ঞানভিত্তিক গ্রুপ গঠনের প্রয়োজনীয়তা অনুভূত হয়, যাতে পরিবেশ ও জলবায়ু বিষয়ক প্রশিক্ষণ, গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা সমন্বিতভাবে পরিচালনা করা যায়।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর মূল উদ্দেশ্য ছিল বিপিএটিসিতে একটি "Environmental Study Thematic Group" প্রতিষ্ঠা করা, যা পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক জ্ঞান, দক্ষতা ও গবেষণাকে সমন্বিত করবে। এই গ্রুপের মাধ্যমে আগ্রহী ও দক্ষ ফ্যাকাল্টি সদস্যদের নিয়ে একটি বিশেষায়িত জ্ঞানভিত্তিক দল গঠন করা হয়েছে। এর ফলে প্রশিক্ষণ কারিকুলামে পরিবেশ বিষয়ক কনটেন্ট ও গবেষণা উদ্যোগ বৃদ্ধি পেয়েছে এবং পরিবেশবান্ধব নীতি প্রণয়নে প্রশিক্ষণ ও নলেজ ম্যানেজমেন্ট কার্যক্রম পরিচালনার সুযোগ তৈরি হয়েছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

পাইলট পর্যায়ে থিমেটিক গ্রুপের সদস্য নির্বাচন ও দল গঠন সম্পন্ন করা হয়। এরপর পরিবেশ বিষয়ক সংক্ষিপ্ত কোর্স ডিজাইন সম্পন্ন ও কর্মশালা পরিচালিত হয়। বিভিন্ন প্রশিক্ষণ মডিউল ও কারিকুলামে পরিবেশ বিষয়ক ইনপুট সংযোজন করা হয়েছে। পাশাপাশি পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে একটি গবেষণা উদ্যোগ শুরু করা হয় এবং নলেজ শেয়ারিং সেশন আয়োজন করা হয়।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

পরিবেশ বিষয়ক সংক্ষিপ্ত কোর্স ও কর্মশালা পরিচালনা, প্রশিক্ষণ মডিউলে পরিবেশ বিষয়ক ইনপুট সংযোজন, এবং গবেষণা কার্যক্রম শুরু হওয়া-এই তিনটি সূচকের ভিত্তিতে অগ্রগতি মূল্যায়ন করা হয়েছে।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে এবং থিমেটিক গ্রুপের কার্যক্রম অব্যাহত রাখার জন্য একটি প্রতিবেদন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হয়েছে।

বিপিএটিসিতে বিল এবং অদক্ষ শ্রমিক মজুরি পরিশোধ প্রক্রিয়ায় বিলম্ব কমাতে একটি মানসম্মত (Standard) প্রসেসিং মডেল উন্নয়ন

মো: মোতাহের হোসাইন, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিপিএটিসিতে বিল ও শ্রমিকের মজুরি পরিশোধ একটি নিয়মিত কার্যক্রম হলেও জটিল ধাপ, নথি যাচাই এবং বিভাগীয় সমন্বয়ের ঘাটতির কারণে প্রায়ই বিলম্ব ঘটে। এর ফলে সেবা প্রদানকারী ও অংশীজনদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হয় এবং প্রশাসনিক দক্ষতা ও স্বচ্ছতা ক্ষতিগ্রস্ত হয়। তাই বিল প্রসেসিংকে দ্রুত, স্বচ্ছ ও সমন্বিত করতে একটি মানসম্মত (Standard) প্রক্রিয়া উন্নয়নের প্রয়োজনীয়তা দেখা দেয়।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর লক্ষ্য ছিল বিল ও শ্রমিকের মজুরি পরিশোধের জন্য একটি মানসম্মত প্রসেসিং মডেল তৈরি করা, যাতে ধাপসমূহ স্পষ্ট ও বিভাগগুলোর সমন্বয় নিশ্চিত হয়। এর ফলে বিল যাচাই ও অনুমোদন প্রক্রিয়া দ্রুত, সুশৃঙ্খল ও স্বচ্ছ হয়েছে এবং বিল পরিশোধের সময় উল্লেখযোগ্যভাবে কমেছে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

পাইলট পর্যায়ে প্রথমে বিদ্যমান বিল ও মজুরি পরিশোধ প্রক্রিয়া বিশ্লেষণ করে ধাপসমূহ চিহ্নিত করা হয় এবং একটি স্ট্যান্ডার্ড প্রসেস ফ্লো তৈরি করা হয়। পরবর্তীতে চেকলিস্ট ও টাইমলাইন নির্ধারণ করে পরীক্ষামূলকভাবে মডেলটি প্রয়োগ করা হয় এবং অভিজ্ঞতার ভিত্তিতে একটি সংক্ষিপ্ত নির্দেশিকা প্রস্তুত করা হয়।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

স্ট্যান্ডার্ড বিল প্রসেসিং মডেল প্রণয়ন, বিল যাচাই ও অনুমোদনের সময় কমানো, এবং বিল পরিশোধ প্রক্রিয়ায় প্রশাসনিক সমন্বয় বৃদ্ধি-এই সূচকের ভিত্তিতে অগ্রগতি মূল্যায়ন করা হয়েছে।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে এবং শ্রমিকের মজুরি, কর্মকর্তা-কর্মচারী কর্তৃক সরাসরি কাজের ও ঠিকাদারদের/প্রতিষ্ঠানের কাজের বিল পরিশোধ প্রক্রিয়ায় বিলম্ব কমানোর জন্য উন্নীত Standard Processing Model স্থায়ীভাবে বাস্তবায়নের সুপারিশসহ একটি প্রতিবেদন কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা হয়েছে।

BPATC-তে মানবসম্পদ প্লেসমেন্ট ব্যবস্থার কাঠামোগত সংস্কার ও দক্ষতা-ভিত্তিক নিয়োগ/বিন্যাস প্রবর্তন

রুমানা তানজিন অন্তরা, উপপরিচালক

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এর একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় দক্ষ মানবসম্পদ অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে BPATC-তে বিভিন্ন শাখা ও বিভাগে কাজের প্রকৃতি ভিন্ন হলেও competency mapping ভিত্তিক পদায়নের সুসংগঠিত ব্যবস্থা প্রাতিষ্ঠানিকভাবে প্রতিষ্ঠিত না থাকায় কর্মকর্তাদের দক্ষতা, অভিজ্ঞতা ও বিষয়ভিত্তিক পারদর্শিতার সঙ্গে দায়িত্বের যথাযথ সামঞ্জস্য নিশ্চিত করা কঠিন হয়ে পড়তো। বিশেষ করে নির্দিষ্ট ডোমেইনে বিশেষজ্ঞ (Domain Expert) তৈরির প্রক্রিয়া ব্যাহত হতো এবং অনেক ক্ষেত্রে মানবসম্পদের সম্ভাব্য সক্ষমতা পুরোপুরি কাজে লাগানো যেতো না। এর প্রত্যক্ষ প্রভাব পরিলক্ষিত হতো প্রশিক্ষণের গুণগত মান ও একাডেমিক উৎকর্ষের ওপর।

উদ্দেশ্য ও সম্ভাব্য প্রভাব

এই CIRAP-এর উদ্দেশ্য ছিল একটি competency-based HR placement model পাইলট করা, যেখানে কর্মকর্তাদের জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতার ভিত্তিতে উপযুক্ত শাখায় পদায়নের একটি কাঠামো পরীক্ষামূলকভাবে প্রয়োগ করা হবে। পাইলট বাস্তবায়নের মাধ্যমে কর্মকর্তাদের দক্ষতার সঙ্গে কাজের চাহিদার মিল ঘটানো সম্ভব হয়েছে এবং কর্মদক্ষতা বৃদ্ধির একটি নতুন দৃষ্টান্ত তৈরি হয়েছে। দীর্ঘমেয়াদে এটি সরকারি প্রশাসনে মানবসম্পদ ব্যবস্থাপনার একটি আধুনিক ও ফলপ্রসূ পদ্ধতি হিসেবে প্রতিষ্ঠিত হতে পারে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম

- কর্মকর্তাদের competency mapping এবং কাজের ধরন বিশ্লেষণ করা হয়েছে
- competency-based placement model-এর খসড়া কাঠামো প্রস্তুত করা হয়েছে
- আচরণ বিজ্ঞান অনুবিভাগে পরীক্ষামূলকভাবে competency matching প্রয়োগ করা হয়েছে।

মনিটরিং ও পারফরম্যান্স সূচক

Competency profile প্রস্তুত, নির্বাচিত কর্মকর্তাদের competency–role matching, পাইলট শাখায় (আচরণ বিজ্ঞান অনুবিভাগ) কর্মদক্ষতার উন্নয়ন সংক্রান্ত ডকুমেন্টেশন।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

Competency-based placement model ব্যবস্থাপনা ও লোক-প্রশাসন বিভাগের আচরণ বিজ্ঞান অনুবিভাগে পাইলটভাবে প্রয়োগ করা হয়েছে; কর্মকর্তাদের দক্ষতা অনুযায়ী দায়িত্ব বণ্টনের ইতিবাচক ফলাফল পাওয়া গেছে এবং প্রক্রিয়াটি ভবিষ্যতে বৃহত্তর প্রশাসনিক কাঠামোয় প্রয়োগের জন্য সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

Experiential Learning কার্যকর করতে বিপিএটিসিতে Case Study Cell প্রাতিষ্ঠানিকীকরণ

মোহাম্মদ বাহা উদ্দিন, গবেষণা কর্মকর্তা

বাস্তবায়ন সময়কাল: ১ অক্টোবর - ৩১ ডিসেম্বর ২০২৫

প্রেক্ষাপট ও সমস্যা

বিশ্বব্যাপী প্রশাসনিক প্রশিক্ষণে Case Study Method একটি কার্যকর শিক্ষণ পদ্ধতি হিসেবে স্বীকৃত, যা বাস্তব সমস্যার বিশ্লেষণ, সিদ্ধান্ত গ্রহণ এবং নেতৃত্ব দক্ষতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বর্তমানে BPATC-এর প্রশিক্ষণ কোর্সসমূহে, বিশেষত ACAD ও SSC কোর্সে সীমিত পরিসরে কেস স্টাডি ব্যবহৃত হচ্ছে। ব্যবহৃত অধিকাংশ কেস বিদেশি প্রেক্ষাপটে রচিত হওয়ায় তা অনেক ক্ষেত্রে বাংলাদেশের মাঠ প্রশাসনের বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। ফলে প্রশিক্ষণার্থীদের Experiential Learning সীমিত হচ্ছে এবং স্থানীয় বাস্তবতার আলোকে সমস্যা বিশ্লেষণ ও সিদ্ধান্ত গ্রহণ দক্ষতা যথাযথভাবে বিকশিত হচ্ছে না। এছাড়া BPATC-এর গবেষণা ও কনসালটেন্সি কার্যক্রমের সাথে প্রশিক্ষণের কেস ডেভেলপমেন্টের একটি প্রাতিষ্ঠানিক সমন্বয় কাঠামো অনুপস্থিত।

উদ্ভাবনী সমাধান

এই সমস্যা সমাধানের লক্ষ্যে BPATC-এ একটি "Case Study Cell" প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই সেলটি দেশীয় প্রশাসনিক বাস্তবতার উপর ভিত্তি করে স্থানীয় কেস স্টাডি উন্নয়ন করবে, কেস সংগ্রহ ও সংরক্ষণের জন্য একটি ডিজিটাল কেস রিপোজিটরি তৈরি করবে এবং BPATC-এর অনুষদ সদস্য, গবেষক, প্রশিক্ষক ও মাঠ প্রশাসনের অভিজ্ঞ কর্মকর্তাদের সম্পৃক্ত করে কেস লেখার একটি প্রাতিষ্ঠানিক প্ল্যাটফর্ম গড়ে তুলবে। এর মাধ্যমে প্রশিক্ষণ কোর্সসমূহে Experiential Learning পদ্ধতি আরও শক্তিশালী হবে।

সময়ভিত্তিক প্রধান কার্যক্রম


১. কেস ডেভেলপমেন্টের জন্য গাইডলাইন ও নীতিমালা প্রণয়ন। ২. BPATC Case Study Cell প্রতিষ্ঠা। ৩. অনুষদ সদস্য ও অতিথি বক্তাদের সম্পৃক্ত করে কেস সংগ্রহ। ৪. পাইলট ভিত্তিতে স্থানীয় প্রশাসনিক কেস ডেভেলপমেন্ট। ৫. ডিজিটাল কেস লাইব্রেরি তৈরির উদ্যোগ (পাইলট পর্যায়ে অনলাইন ড্রাইভে সংরক্ষণ)। ৬. সংগৃহীত কেস প্রকাশের জন্য একটি ডেমো ওয়েবসাইট তৈরি।


মনিটরিং ও পারফরম্যান্স সূচক

প্রশিক্ষণার্থীদের ফিডব্যাক, Case Study Cell-এর কাঠামো অনুমোদন, কমপক্ষে ১০টি বাংলাদেশভিত্তিক কেস স্টাডি প্রস্তুত, নির্বাচিত প্রশিক্ষণ কোর্সে ব্যবহার এবং ডিজিটাল রিপোজিটরিতে সংরক্ষণ।

পাইলট প্রকল্পের স্ট্যাটাস

Case Study Cell-এর কাঠামো প্রণয়ন ও পাইলটিং সম্পন্ন হয়েছে। নির্বাচিত কোর্সে কেস স্টাডি ব্যবহারে ইতিবাচক ফল পাওয়া গেছে এবং প্রাতিষ্ঠানিক বাস্তবায়নের সুপারিশসহ প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয়েছে।


BPATC CASE STUDY CELL
An Initiative of BPATC
Learning Through
Case-Based Experiential Learning
Scan Here
Submit Your Case
bpatccasestudycell@gmail.com
Bangladesh Public Administration Training Centre (BPATC), Savar, Dhaka


BPATC CASE STUDY CELL
An Initiative of BPATC
Learning Through Case-Based Experiental Learning
Submit Your Case
bpatccasestudycell@gmail.com
Scan Here
Bangladesh Public Administration Training Centre(Savar, Dhaka)

বিপিএটিসি'র অভ্যন্তরীণ পরিবর্তনে গৃহীত যে সকল পাইলট উদ্যোগ এখনও সমাপ্ত হয়নি

০১ পেশাদারিত্বভিত্তিক Curriculum Development Team (CDT) গঠনের জন্য SOP প্রণয়ন ও প্রাতিষ্ঠানিকীকরণ

০২ BPATC-এ আমন্ত্রিত Guest Speaker ব্যবস্থাপনার জন্য একটি প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও SOP প্রণয়ন

০৩ Special Foundation Training Course (SFTC)-এর জন্য Pre-Test প্রশ্নপত্র উন্নয়ন ও প্রাতিষ্ঠানিকীকরণ

০৪ BPATC-এর ERP-ভিত্তিক Class Schedule Management System (CSMS) পুনঃনকশা ও ব্যবহারবান্ধবকরণ


০৫ বিপিএটিসি'তে অস্থায়ীভাবে কর্মরত শরীরচর্চা ও ক্রীড়া প্রশিক্ষকদের কর্মদক্ষতা বৃদ্ধি সংক্রান্ত নীতিমালা প্রণয়ন

০৬ BPATC-এ কেন্দ্রীয় সমন্বিত Scheduling & Resource Optimization (ST&RC) ব্যবস্থা প্রবর্তন

০৭ বিভিন্ন কোর্সের গবেষণা ও অ্যাসাইনমেন্ট Codification, Knowledge Product হিসেবে প্রকাশ এবং সরকারের জন্য কনসালটেন্সি প্রদান

০৮

BPATC-এর Social Media Visibility বৃদ্ধি ও ডিজিটাল উপস্থিতি শক্তিশালীকরণ



বিপিএটিসি'র অভ্যন্তরীণ সিস্টেম পরিবর্তন ও কেন্দ্রের লক্ষ্য পূরণে বাস্তবায়নযোগ্য CIRAP তালিকার অংশবিশেষ

০১ বিপিএটিসিতে ইন-হাউস ফ্যাকাল্টি ও ডেপুটেশন নীতিমালা প্রণয়ন

০২ ফ্যাকাল্টির প্র্যাকটিক্যাল জ্ঞান সমৃদ্ধকরণে মাঠ সংযুক্তি বিষয়ক নির্দেশিকা প্রণয়ন

০৩ ভিশনারি BPATC গঠনের লক্ষ্যে আধুনিক প্রশিক্ষণার্থী মূল্যায়ন ও সার্ভিস রেটিং সিস্টেম প্রবর্তন

০৪ বিপিএটিসির জন্য ISO সার্টিফিকেশন বাস্তবায়নে নির্দেশিকা প্রণয়ন

০৫ প্রশিক্ষণার্থীদের জন্য কার্যকর মেন্টরিং ও কাউন্সেলিং কাঠামো প্রণয়ন

০৬ স্বার্থের সংঘাত নিয়ন্ত্রণে নীতিমালা প্রণয়ন ও ডিসক্রিশনারি পাওয়ার হ্রাসকরণ

০৭ প্রযুক্তিগত সাপোর্ট (সাউন্ড ও নেটওয়ার্ক) নিশ্চিতকরণে দক্ষ জনবল পুল গঠন

০৮ বিপিএটিসিতে প্রফেশনাল যানবাহন ব্যবস্থাপনা সেবা চালুকরণ

০৯ বিভাগ ও কর্মকর্তাদের জন্য KPI ভিত্তিক পারফরম্যান্স ব্যবস্থাপনা প্রবর্তন

১০ একাডেমিক ও ম্যানেজেরিয়াল ট্র্যাকভিত্তিক HR প্লেসমেন্ট সংস্কৃতি চালুকরণ

১১ প্রশিক্ষণোত্তর দক্ষতা ব্যবহার নিশ্চিতকরণে কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন

১২ আন্তর্জাতিক সহযোগিতায় একটি অনলাইন কোর্স পাইলটিং ও বাস্তবায়ন

১৩ ফ্যাকাল্টি সক্ষমতা উন্নয়নের মাধ্যমে কনসালটেন্সি সেবা সম্প্রসারণ কৌশল প্রণয়ন

১৪ স্বল্পমেয়াদি কোর্সে এক্সপেরিয়েন্সিয়াল লার্নিং পাইলটিং

১৫ বিপিএটিসিতে ভাষা কেন্দ্র প্রতিষ্ঠা ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম চালুকরণ

১৬ সেরা ট্রেনিং ম্যানেজার, সেরা প্রশিক্ষক ও সেরা জ্ঞান-সংকলক পুরস্কার প্রদানের সংস্কৃতি প্রবর্তন

১৭ বিপিএটিসির মূল কোর্সসমূহে কার্যকর মডিউল মূল্যায়ন মডেল প্রবর্তন

১৮ কোর্সের সেশনভিত্তিক উপযুক্ত Medium of Instruction নির্ধারণে নির্দেশিকা প্রণয়ন

১৯ বিপিএটিসির গবেষণা আউটপুটের ডিজিটাল ও মুদ্রিত কমপেন্ডিয়াম প্রকাশ

২০ বিভাগভিত্তিক CMT ও থিমেটিক গ্রুপ গঠনের মাধ্যমে বিভাগ শক্তিশালীকরণ নীতি প্রণয়ন

২১ একটি বিভাগ/ অনুবিভাগের কার্যক্রমকে যুগোপযোগী ও জনবল নিয়োজনের মাধ্যমে ফাংশনাল করা এবং কেন্দ্রের লক্ষ্য পূরণে কেপিআই এর ভিত্তিতে মূল্যায়নের আওতায় আনা

২২ বাস্তবতার আলোকে যৌক্তিকভাবে বিভাগসমূহের মধ্যে কর্মবণ্টন প্রণয়ন

২৩ বিদেশী প্রশিক্ষণার্থীদের নিয়ে আলাদা করে / যৌথভাবে কোর্স আয়োজন

২৪ একটি আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন

২৫ বিপিএটিসি'র রেভিনিউ জেনারেশন এবং অনুষদ সদস্যদের কন্ট্রিবিউশন অনুযায়ী বণ্টনের নীতিমালা প্রণয়ন

"CIRAP has demonstrated that transformation does not require massive reforms – it requires committed individuals, structured thinking, and tested actions. BPATC stands ready to scale these innovations for national impact."



BPATC | JICA

Follow us!

Bangladesh Public Administration Training Centre

Managing Knowledge for Measurable Reform